তারিখ ... 27 FEB 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

কালের কণ্ঠ

এলজিআরডি মন্ত্রী বললেন

# বিশ্ববিদ্যালয় হবে ফরিদপুরে

**নিজস্ব প্রতিবেদক, ফরিদপুর ▷**

ফরিদপুরে শিগগিরই একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন। গতকাল শুক্রবার বিকেলে ফরিদপুর শহরের ঝিলটুলী এলাকায় সরকারি রাজেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের শিক্ষার্থীদের জন্য একটি ছাত্র ও একটি ছাত্রীনিবাসের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে স্থানীয় সরকারমন্ত্রী এসব কথা বলেন। ফরিদপুরে বিশ্ববিদ্যালয় স্থাপন প্রসঙ্গে তিনি আরো বলেন, 'এ অঞ্চলের শিক্ষার্থীদের আর দূরে গিয়ে শিক্ষাগ্রহণ করতে হবে না, বরং উচ্চশিক্ষার জন্য অন্য জেলা থেকে শিক্ষার্থীরা ফরিদপুরে আসবে।'